দৈনিক
জনকণ্ঠ

তারিখ 18 FEB 2016
পৃষ্ঠা ১৪ কলাম ২

# স্কুলছাত্রীকে অপহরণ চেষ্টা পুলিশের ওপর ককটেল নিক্ষেপ, আটক ১

**স্টাফ রিপোর্টার, বগুড়া অফিস ।** মঙ্গলবার রাতে বগুড়া সদরের গোকুল এলাকায় পুলিশের সঙ্গে সন্ত্রাসীদর গুলিবিনিময়ের পর পুলিশ রাব্বী (২৫) নামে এক সন্ত্রাসীকে পায়ে গুলিবিদ্ধ অবস্থায় আটক করেছে। তার কাছ থেকে বিদেশী পিস্তল ও ৩ রাউন্ড গুলি পাওয়া যায়। এ সময় সন্ত্রাসীদের ছোড়া ওপর ককটেল হামলায় আশিকুন্নবী নামে এক এসআই আহত হন।

পুলিশ জানায়, গোকুল মধ্যপাড়া এলাকার এক স্কুলছাত্রীকে সন্ত্রাসী রাব্বী ও তার সহযোগীরা দীর্ঘদিন ধরে উত্ত্যক্ত এবং বাড়ি থেকে তুলে নেয়ার হুমকি দেয়ার পর স্কুলছাত্রী ও তার পরিবার বাড়ি ছেড়ে অন্যত্র আশ্রয় নেয়। স্কুলছাত্রীটি এসএসসি পরীক্ষার্থী। এ বিষয়ে থানায় অভিযোগের পর স্কুলছাত্রীটির নিরাপদে এসএসসি পরীক্ষা দেয়ার জন্য পুলিশ ব্যবস্থা নেয়। সেখানে ৩০ জানুয়ারি থেকে পুলিশ প্রশাসন একটি টিম মোতায়েন করে। এর পরেও সন্ত্রাসীরা স্কুলছাত্রীকে বাড়ি থেকে উঠিয়ে নেয়ার হুমকি দিয়ে আসছিল। মঙ্গলবার রাতে রাব্বী ও আকুল নামে অপর এক জনসহ এলাকায় আরও কয়েক সন্ত্রাসী ওই স্কুলছাত্রীকে অপহরণ করতে গেলে সেখানে মেতায়েন পুলিশ সদস্যরা তাদের ধাওয়া করে। এ সময় পুলিশের ওপর ককটেল ও গুলিবর্ষণ হলে পাল্টা গুলি চালায় পুলিশ। ঘটনাস্থল থেকে একটি বিদেশী পিস্তল ও ৩ রাউন্ড গুলিসহ পায়ে গুলিবিদ্ধ অবস্থায় রাব্বীকে পুলিশ আটক করে। সে বগুড়া মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।